উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# উপজেলা পরিষদ

## ফুলতলা, খুলনা।

## উপজেলা পরিষদের মার্চ ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব শেখ আকরাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ও সময়ঃ ২৩-০৩-২০২৩ খ্রি, সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ সংশ্লিষ্ট রেজিস্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। । সভায় বিগত ফেব্রুয়ারী ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অত:পর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

| নং | দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর তিনি জানান মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপে ফুলতলা উপজেলায় যে ১২৫ টি ভূমিহীনের তালিকা করা হয়েছে তার মধ্যে ৭০ টি ঘরের নির্মাণ কাজ শেষ হয়েছে এবং ২২ মার্চ ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী সারা দেশে একযোগে একই সময়ে ভার্চুয়ালী ভূমিহীনদের ঘর উদ্বোধন করেছেন। তিনি জানান আশ্রয়ন-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপে ফুলতলা উপজেলায় আরও ৫৫ টি ঘরের নির্মাণ কাজ চলমান। মুজিব বর্ষের এই আশ্রয়ন-২ প্রকল্পের ঘর নির্মাণের বিষয়ে তিনি জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তার সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি জানান নিয়মিত বাজার মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে এবং ইউনিয়ন পরিষদের মাধ্যমে জন্মনিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে আগামী আশ্রয়ন-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপে ফুলতলা উপজেলায় যে, ৫৫ টি ঘরের নির্মাণ কাজ চলমান তা উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জনপ্রতিনিধিবৃন্দ এবং সকল কর্মকর্তা নিয়মিত তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার স্থানীয় জনপ্রতিনিধি ও সকল কর্মকর্তা |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | বর্তমানে সারা দেশে ইউনিয়ন পর্যায় ও কমিউনিটি ক্লিনিকে করোনা ভাইরাসের গণটিকা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ফেব্রুয়ারী ২০২৩ মাসে বহিঃবিভাগে মোট রোগীর সংখ্যা ছিল ৭৯০৬ জন, মোট ভর্তি রোগীর সংখ্যা ছিল ৫২৮ জন, হাসপাতালে নরমাল ডেলিভারী হয়েছে ১৯ টি, অত্র মাসে করোনা- ভ্যাকসিন দেয়া হয়েছে ১ম ডোজ ১০ জন, ২য় ডোজ ২৭৩ জন, ৩য় ডোজ ২০২ জন এবং ৪র্থ ডোজ ৩১৯৮ জনকে। হাসপাতালে ০৯ টি সিসিতে মোট রোগীর সংখ্যা ৮০১৮ জন। বর্তমানে হাসপাতালে নিয়মিত ডেঙ্গু পরীক্ষা কাজ চলমান। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ডেঙ্গু মশার উপদ্রব হতে রক্ষার জন্য ফগার মেশিন পাওয়া গেছে এবং তা নিয়মিত হাসপাতালের চার পাশে স্প্রে করা কাজ চলমান। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান স্বাস্থ্য কমপ্লেক্সের পুরুষ ওয়ার্ডে মেরামতের কাজ চলছে এজন্য রোগীদের একটু দুর্ভোগ পহাতে হচ্ছে। হাসপাতালের বারান্দায় এবং বিভিন্ন ফাকা জায়গাতে বেড দিয়ে তাদেরকে রেখে সেবা দেয়া হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে কোভিড-১৯ এর ভ্যাকসিন প্রদানের কার্যক্রম এবং ফগার মেশিন এর ব্যবহার অব্যাহত রাখার বিষয়ে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। এছাড়া হাসপাতালের পুরুষ ওয়ার্ডের মেরামতের কাজ দ্রুততার সাথে শেষ করার জন্য স্বাস্থ্য কর্মকর্তা তদারকি করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | ফুলতলা উপজেলায় ফেব্রুয়ারী ২০২৩ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ২৮,৯০১ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ২২,৯৮১ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৫২৭% জন, ইমপ্ল্যানন গ্রহণকারীর ৪৫ জন, স্থায়ী পদ্ধতি গ্রহণকারীর ০৪ জন, আইইউডি গ্রহণকারীর ২০ জন, মোট গর্ভবতী মায়ের সংখ্যা ৭৭১ জন, ইনজক্টবলস্ ৭৬৫ ভায়াল এবং মোট ডেলিভারী মায়ের সংখ্যা ৯৯ জন। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কৈশোর কালীন প্রজনন স্বাস্থ্য সেবাসহ সকল কার্যক্রম চলমান রয়েছে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান ধোপাখোলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীরের বাইরে সরকারী জমি বেদখল হওয়ার আশংকা দেখা দিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়টি জামিরা ইউনিয়েনের চেয়ারম্যান সাহেবের নিকট জানতে চান এবং তিনি জানান যেজায়গার কথা উনি বলছেন তা রাস্তার জায়গা। উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার জানান সরকারী সার্ভেয়ার নিয়ে মেপে কমিউনিটি ক্লিনিকের জায়গা নির্ধারন করবেন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আরও জানান তার দপ্তরের মধ্যে যে শিশু গাছটি পড়ে তা নিলামের মাধ্যমে অপসারন করা একান্ত প্রয়োজন। তিনি গাছটি অপসারণের জন্য সভায় প্রস্তাব করেন। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন এবং জামিরা ইউনিয়নে ধোপাখোলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীরের বাইরে সরকারী জমি যাতে বেদখল হতে না পারে তার জন্য সরকারী সার্ভেয়ার নিয়ে অতিসত্বর মাপযোপ করে সীমানা নির্ধারন করা হবে এবং গাছ নিলামের বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার বরাবরে পত্র প্রেরন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিঃপরিঃ কর্মকর্তা ও উপজেলা পরিষদ |

২৩/০৩/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | উপজেলা কৃষি অফিস | কৃষি অফিসার সভায় জানান চলতি বরো মৌসুমে ফুলতলা উপজেলায় বরো ধানের আবাদ ভাল হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার কত দিন পর এই ধান কাটতে পারব জানতে চাইলে কৃষি অফিসার জানান আগামী এপ্রিল মাসের মাঝামাঝি সময়ে ধান কাটা যাবে বলে আশা করা যাচ্ছে। কৃষি অফিসার জানান এ বৎসর ফুলতলা উপজেলাতে ২০০ হেক্টর জমিতে সবজি আবাদ হয়েছে। সারের কোন ঘাটতি নেই। আউশ প্রনোদনা হিসেবে কৃষদের মাঝে ৫ কেজি করে আউশের বীজ দেয়া হবে। তিনি জানান তার দপ্তরে কিছু ধান মাড়াই, ভূট্রা মাড়াই মেশিন রয়েছে যা রাখার কোন জায়গা নেই। এ বিষয়ে তিনি তার অফিস ভবনের পাশে ৩/৪ শতক জায়গা আছে যা দিলে তার অধিদপ্তর গোডাউন করে দিবে বলে জানিয়েছেন। তিনি এই জায়গাটি পাওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের বিষয়ে এবং আউশ প্রনোদনার ৫ কেজি আউশ ধানের বীজ যাতে কৃষক বিক্রি না করে সে বিষয়ে উপজেলা কৃষি অফিসার তদারকি করবেন এবং কৃষি অফিসের পাশে যে ৩/৪ শতক জায়গা আছে তা সরেজমিনে দেখে সিদ্ধান্ত গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ও উপজেলা পরিষদ |
| ৫ | উপজেলা মৎস্য অফিস | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান ২০২২-২৩ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় চলতি মাসে মোট ৩৯,৫৮০/=টাকা আদায় হয়েছে। এছাড়া সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্পের আওতায় ক্লাস্টার চাষীদের পুকুর খনন এবং বিজিনেস প্লান তৈরীর কাজ চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | ফেব্রুয়ারী ২০২৩ মাসে ২৯১০ টি গবাদী পশু ও ৪২,৫০০ টি হাঁস-মুরগীর রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে, ১৫২০ টি গবাদিপশু ও ১০,২০০ টি হাঁস মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন করা হয়েছে ২৭৯ টি গাভীকে এবং কৃত্রিম প্রজননের মাধ্যমে ১৫১ টি বাচ্চা উৎপাদন হয়েছে যার মধ্যে এঁড়ে ৮৬ টি এবং বকনা ৬৫ টি। এছাড়া টিকা বিক্রি এবং কৃত্তিম প্রজনন ফি বাবদ মোট = ১৭.৯৭৫/= (সতের হাজার নয়শত পঁচাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের যে বাউন্ডারী ওয়াল টি আছে তা কিছু অংশ জায়গা হতে ভেঙ্গে যাচ্ছে প্রতিহত করা যাচ্ছে না। প্রানিসম্পদ কর্মকর্তা জানান এবছর শীতের পর খোরা রোগ দেখা দিয়েছিল। জনগন গবাদিপশুকে টিকা দিতে অনাগ্রহী। আমাদের সকল প্রকারের টিকা আছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান ফুলতলা উপজেলার এ বৎসর কোরবানীর পশু কি অবস্থা তা জানতে চাইলে তিনি জানান ফুলতলা উপজেলায় কোরবানীর পুশুর চাহিদার চেয়ে বেশি রয়েছে। নিয়মিত আমরা খামার পরিদর্শন করছি। নিয়মিত খামারীদের ঘাস চাষের জন্য উৎসাহিত এবং পরামর্শ প্রদান করা হচ্ছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ২০২২-২৩ অর্থ বছরে ১ম পর্যায়ের টিআর সাধারণ ও বিশেষ এবং কাবিটা/কাবিখা সাধারণ ও বিশেষ প্রকল্পের কাজ ৮৫% সম্পন্ন হয়েছে। আগামী ৩০ শে মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে অবশিষ্ট অসমাপ্ত প্রকল্পগুলির কাজ সমাপ্ত পূর্বক চুড়ান্ত বিল গ্রহণের জন্য প্রকল্প সভাপতিকে অবহিত করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের ২য় পর্যায়ের টিআর বিশেষ এবং কাবিখা বিশেষ প্রকল্পের কাজ জেলা থেকে অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। তিনি সভায় জানান টি-আর কাবিখার সময় শেষ হয়ে যায় কিন্তু কাজ শেষ হয় না। বর্তমান সময় পর্যন্ত কাবিখার যে কাজ শেষ হয়েছে তা আমরা বিল দাখিল করলে পরিশোধ করার ব্যবস্থা গ্রহণ করব। ২০২২-২৩ অর্থ বছরে ভূমীহীনদের জন্য গৃহ নির্মাণ প্রকল্প ৩য় পর্যায়ের ২য় ধাপের ৭০ টি ঘরের কাজ সম্পন্ন হয়েছে এবং বাকী ৫৫ টি ঘরের কাজ চলমান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | উপজেলা সমাজসেবা অফিস | ফেব্রুয়ারী ২০২৩ মাসে পল্লী সমাজসেবা কার্যক্রম ( আরএসএস) এবং পল্লী মাতৃ কেন্দ্রে (আর এম সি) এর আওতায় ক্ষুদ্র ঋণ =৪,৮৮,৫৭০/= (চার লক্ষ অষ্টাশি হাজার পাঁচশত সত্তর) টাকা আদায় হয়। ২০২২-২৩ অর্থ বছরে সকল ভাতার ২য় কিস্তির পে-রোল প্রদান করা হয়। প্রতিবন্ধী সুবর্ণ নাগরিক কার্ড প্রদানের লক্ষ্যে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিষয়ক কমিটির সভার মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের যাচাই-বাছাই করা হয়। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৯ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয় এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি করা হচ্ছে। IPEMIS সার্ভারের মাধ্যমে বিদ্যালয়ের ছবি আপলোড করা হয়। প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের উপবৃত্তির জন্য ডাটা এন্ট্রি, চাহিদা যাচাই ও অনুমোদন করা হয়। IPEMIS সার্ভারে সকল বিদ্যালয়ের এন্ট্রিকৃত তথ্য এবং শিক্ষকদের তথ্য যাচাই ও অনুমোদন দেয়া হয়। উপবৃত্তির তথ্য এন্টি যাচাই ও চাহিদা তৈরি কার্যক্রম চলমান। ২০২৩ সালের বই এর তথ্য এন্ট্রি, ডাটা যাচাই ও অনুমোদন করা হয়েছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে ২০২৩ সালে ছাত্র-ছাত্রীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক জানান ফুলতলা উপজেলার ০৪ টি ইউনিয়নে ভিজিডি উপকারভোগীর সংখ্যা ২৩০৫ জন। ২০২৩-২০২৪ চক্রের ভিডব্লিউবি চুড়ান্ত উপকারভোগীদের মাঝে ০৪ টি ইউনিয়নে কার্ড প্রস্তুত এর কাজ চলমান রয়েছে। মা ও শিশু উপকারভোগীর সংখ্যা বর্তমানে ২৪০ জন চলমান। প্রতিজন উপকারভোগী মাসে | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

১৬/০৩/২৩

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৮০০/= টাকা পেয়ে থাকে যা উপকারভোগীদের স্ব-স্ব হিসাবে স্থানান্তর করা হয়। ২০২২-২৩ অর্থ বছরে মা ও শিশু তহবিলের বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ অনুযায়ী ০৪ টি ইউনিয়নের উপকারভোগীদের তালিকা পাওয়া গেছে। যাচাই বাছাই এর কার্যক্রম চলমান। ফেব্রুয়ারী ২০২৩ মাসে ০২ টি উঠান বৈঠক করা হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প ফেব্রুয়ারী ২০২৩ মাসে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ডিসেম্বর ২০২৩ মাসে ০১ (এক) জন আবৃত্তি শিক্ষকের পদ শূন্য রয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ফেব্রুয়ারী ২০২৩ মাসে দামোদর ইউনিয়নে ০১ (এক) টি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয় এবং সংশ্লিষ্ট ইউনিয়নে ০১ (এক) টি বাল্য বিবাহ সংগঠিত হওয়ার কারনে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশে ফুলতলা থানায় মামলা করা হয়। | | |
| ১১ | উপজেলা যুবউন্নয়ন অফিস | তার অফিসে গত মাসে ৩০ জনকে আউট সোসিং প্রশিক্ষণ দেয়া হয়েছে। জেলা পর্যায়ে প্রশিক্ষণের ক্ষেত্রে জেলা যুব প্রশিক্ষণ কেন্দ্রে ৩/৬ মাসের ও ১ বছরের বিভিন্ন মেয়াদে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেয়া হয়। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ব্যক্তিগত ঋণ প্রদান করা হয় ৪০,০০০/= টাকা থেকে ১,০০,০০০/= টাকা পর্যন্ত এবং উদ্যোক্তা ঋণ ৩,০০,০০০/= টাকা থেকে ১০,০০,০০০/=টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। পরিবারভিত্তিক কর্মসূচীতে পরিবারের ৩/5 জন ঋণ নিতে পারে। ৫ জন সদস্যের সমন্বয়ে ১০ টি গ্রুপ করে এ কর্মসূচীতে এক সাথে ৫০ জনকে ঋণ প্রদান করা যায়। তিনি জানান কর্মসৃজন প্রতি মাসে ০৭ জনকে কর্মসৃজনে সহযোগিতা করা হয়। ক্লাব/সংগঠনের রেজিস্ট্রেশন ও তাদের কর্মকান্ড তদারকির কাজ চলমান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা প্রকৌশল দপ্তর | ক) উপজেলা প্রকৌশী সভায় জানান উপজেলা পরিষদের আবাসিক গেজেটেড কোয়ার্টার বলাকা ভবন এবং উপজেলা পরিষদের ডরমিটরি ভবন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সরকারী বাসভবন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস ভবন ও উপজেলা পরিষদের অফিসার্স ক্লাব দীর্ঘদিনের পুরাতন হওয়ায় এগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন হয়ে পড়েছে। উক্ত ভবন গুলিতে বসবাস এবং ব্যবহার অনুপোযোগি হয়ে পড়েছে। অতিসত্তর ভবনগুলি মেরামত ও সংস্কার না করলে নষ্ট হয়ে যাবে। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী কোয়ার্টারের সামনে থেকে দক্ষিণ দিকে কৃষি অফিস পর্যন্ত এবং সৈকত আবাসিক কোয়ার্টার হতে উপজেলা পরিষদ পুকুর পাড়ের ওয়াকওয়ে পর্যন্ত যাওয়ার রাস্তাটি জরাজীন অবস্থায় আছে। তিনি উক্ত ভবনগুলি ও রাস্তা ০২ টির সংস্কার ও মেরামতের জন্য সভায় প্রস্তাব করেন। তিনি জানান ২০২২-২৩ অর্থ বছরে উক্ত ভবনগুলি ও রাস্তা ০২ টির প্রাক্কলন করে বাসাবাড়ি মেরামত এ রক্ষনাবেক্ষন খাত হতে বরাদ্দ পাওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রত্র প্রেরন করতে পারি। তিনি জানান নতুন রেট সিডিউল অনুযায়ী উক্ত ভবনগুলি এবং রাস্তা ০২ টির প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলোঃ | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক সভায় দাখিলকৃত প্রকল্প ও প্রাক্কলনগুলি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং সাথে সাথে উপজেলা নির্বাহী অফিসার বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরন করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার |

| নং | প্রকল্পের নাম | কাজের বিবরণ | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|---|
| ১ | উপজেলা পরিষদের আবাসিক ভবন বলাকা (গেজেটেড কোয়ার্টার) মেরামত। | মেরামত ও রংকরন | ৮,৬৫,২৯৬/= |
| ২ | উপজেলা পরিষদের ডরমিটরি ভবন মেরামত। | মেরামত ও রংকরন | ১৪,১৮,৯০৮/= |
| ৩ | উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী কোয়ার্টারের সামনে থেকে দক্ষিণ দিকে আবাসিক কোয়ার্টার ও উপজেলা কৃষি অফিসে যাওয়ার রাস্তা, আরসিসি দ্বারা উন্নয়ন। | আরসিসি দ্বারা উন্নয়ন। | ১৪,১৫,১৮৮/= |
| ৪ | উপজেলা পরিষদ সৈকত আবাসিক ভবন হতে উপজেলা পরিষদ পুকুর পাড় পর্যন্ত রাস্তা আরসিসি করন। | আরসিসি দ্বারা উন্নয়ন। | ৬,৬৭,২২৯/= |
| ৫ | উপজেলা পরিষদ চেয়ারম্যান এর সরকারী বাসভবন মেরামত। | মেরামত ও রংকরন | ৬,৭১,৫০৪/= |
| ৬ | উপজেলা পরিষদ চেয়ারম্যানর এর কার্যালয় মেরামত। | মেরামত ও রংকরন | ৮,০০,৪৫৬/= |
| ৭ | উপজেলা পরিষদের অফিসার্স ক্লাব মেরামত। | মেরামত ও রংকরন | ৬,২৩,৯৬৭/= |
| | | মোট | ৬৪,৬২,৫৪৮/= |

উপজেলা প্রকৌশলী ভবনগুলি ও রাস্তা ০২ টির প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারসহ উপস্থিত সকলেই তার এ প্রস্তাবকে স্বাগত জানান। উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানিয়ে সকলের সম্মতিক্রমে প্রাক্কলনগুলি অনুমোদন করেন এবং ২০২২-২৩ অর্থ বছরে বাসাবাড়ি মেরামত এ রক্ষনাবেক্ষন খাত হতে বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লীউন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরনের জন্য অনুরোধ জানান।

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্ব) পানির উৎসের প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প (৪র্থ পর্ব) ১০৪ টি গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান। পি ই ডি পি -৪ এর প্রকল্পের আওতায় ০২ টি ওয়াশব্লক এর হস্তান্তর কাজ সম্পন্ন হয়েছে ও অবশিষ্ট ০৩ টির স্থাপন কাজ চলমান রয়েছে। কমিউনিটি বেজ মিনি পাইপ লাইন মোট ১৮ টির মধ্য হতে ০৪ টি পাইপ লাইনের বোরিং কাজ সম্পন্ন হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ণ প্রকল্পের জন্য মোট টিউবওয়েল বরাদ্দ ছিল ১৯ টি। তিনি জানান আশ্রয়ণ প্রকল্পের সকল টিউবওয়েল স্থাপনের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সমগ্র দেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের ৩য় পর্যায়ের তালিকা প্রাপ্তি সাপেক্ষে সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তা দ্রুততার সাথে সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহন করবেন। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| ১৪ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসের ২০২১-২২ সালে নিবন্ধন প্রাপ্ত ০৮ টি অকার্যকর (নিষ্ক্রিয়) সমবায় সমিতি ব্যতিরেকে মোট ৭৩ টি প্রাথমিক সমবায় সমিতির ২০২১-২২ সমবায় বর্ষের বার্ষিক নিরীক্ষা বরাদ্দ এবং নিরীক্ষা কার্যক্রম শুরু হয়েছে। ফেব্রুয়ারী ২০২৩ খ্রি. পর্যন্ত নিরীক্ষা সম্পাদনকৃত সমিতির সংখ্যা প্রাথমিক ৬৪ টি এবং বাংলাদেশ পল্লীউন্নয়ন বোর্ড সমার্থন পুষ্ট কেন্দ্রীয়(পউবো) ০১ টি। অবশিষ্ট সমবায় সমিতিগুলির বার্ষিক নিরীক্ষা বিধি মোতাবেক আগামী ৩১ মার্চ ২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে শতভাগ সম্পাদন করতে হবে। এছাড়া ২০২১-২২ সালের ধার্যকৃত নিরীক্ষা ফি (অডিট ফি) যা সরকারী রাজস্ব প্রাথমিক (সাধারণ) ৪৫,৭৯০/= টাকা এবং ২০২১-২২ সালের ধার্যকৃত সমবায় সমিতির নীট লাভ হতে সৃষ্ট ৩% সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ প্রাথমিক (সাধারন) ১৭,৪৯২/= টাকা আদায় সম্পন্ন হয়েছে। অবশিষ্ট অর্থ আদায় অব্যাহত রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | পল্লীউন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরে কিছু সার্টিফিকেট মামলা পূর্বে দেয়া ছিল যা তাগাদ'র কাজ চলছে এবং নতুন কিছু সার্টিফিকেট মামলা দেয়ার প্রস্তুতি চলছে। অত্র দপ্তরে ৪৭ জন সুফলভোগীদের মধ্যে ৯৩.৫০ লক্ষ টাকা কোভিড-১৯ উপলক্ষে অসহায়দের জন্য ঋণ বিতরণ করা হয়। সরকারী পাওনা আদায়ে অত্র দপ্তরের জোরালো প্রচেষ্টা অব্যাহত আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৬ | উপজেলা বন বিভাগ | সভায় উপজেলা বন কর্মকর্তা উপস্থিত না হওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | নতুন জাতীয় শিক্ষক্রম/২০২১ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ের শিক্ষকদের মাধ্যমে তার বাস্তবায়ন তদারকী চলমান। ২০২৩ সালের বিনামূল্যে পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের মাঝে শতভাগ বিতরণ সম্পন্ন হয়েছে এবং ২০২৪ সালের বিনামূল্যে পাঠ্যপুস্তকের চাহিদা প্রেরণ করা হয়েছে। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম এ অত্র উপজেলার প্রতিষ্ঠান সমূহের অনলাইন ক্লাস আপলোড চলছে। নতুন সফটওয়্যার এর প্রত্যেক শিক্ষককে আলাদাভাবে এন্ট্রি করে অনলাইন ক্লাসের ভিডিও আপলোড করতে হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ০৩ (তিন) জন কর্মকর্তাকে ফ্রিকুয়েন্সি পরিদর্শন কপিকল্পনা প্রনয়ণ করে ডিজিটাল মনিটরিং সিস্টেমে অনলাইন ভিজিট করার জরুরী নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষার্থীর ইউনিক আইডির কাজ ও উপবৃত্তির কাজ চলমান রয়েছে। তার দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | উপজেলা পরিষদ | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান জানুয়ারী ও ফেব্রুয়ারী ২০২৩ মাসে উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার আপ্যায়ন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের কার্যালয়ের আপ্যায়ন ব্যয় বিল এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয় এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের আনুসঙ্গিক ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আপ্যায়ন আনুসঙ্গিক খাত হতে উত্তোলন করা হয়েছে যার হিসাব রেজিষ্টারে সংরক্ষিত। তিনি মার্চ ২০২৩ মাসে উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার আপ্যায়ন, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদ্বয়ের কার্যালয়ের আপ্যায়ন ব্যয় বিল এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয় এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের দপ্তরের আনুসঙ্গিক ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আপ্যায়ন আনুসঙ্গিক খাত হতে উত্তোলন বিষয়ের সভায় প্রস্তাব করেন। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মার্চ ২০২৩ মাসে উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার আপ্যায়ন, ব্যয় বিল এবং আনুসঙ্গিক ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আপ্যায়ন আনুসঙ্গিক খাত হতে উত্তোলন বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| | | ছ) উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মাণের বিষয়ে তথ্য চেয়ে পিডি মহোদয় বার বার প্রত্র দিচ্ছেন। উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মাণের বিষয়ে আমরা যদি তথ্য প্রদান না করি তাহলে ফুলতলা উপজেলাতে কমপ্লেক্স ভবণটি না হওয়ার সম্ভবনা রয়েছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার আলোচনা করে জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবণটি নির্মাণের স্বার্থে আমাদের প্রথম কাজ হচ্ছে পুরাতন ভবণটি খালি করা। উপজেলা পরিষদ পুরাতন ভবণটিতে উপজেলা নির্বাহী অফিসারের | ছ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ পুরাতন কমপ্লেক্স ভবণে অবস্থিত অফিসগুলি উপজেলা পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাবিত ভবণসমূহে স্থানান্তর, স্থানান্তরিত অফিস গুলির মধ্যে উপজেলা | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী |

২৬/০৬/২৬

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ অফিসটি বিদ্যমান রয়েছে। উক্ত ভবণের বিদ্যমান অফিস গুলি দ্রুত স্থানান্তর ও মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জন্য যেহেতু অনেক গুলি রুম লাগে, সেহেতু উপজেলা নির্বাহী অফিসটি উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে স্থানান্তরিত করতে হবে। উপজেলা প্রকৌশলী অফিসটি উপজেলা পরিষদ ৩য় তলা ভবণের যুব উন্নয়ন অফিসের স্থলে সেখানে স্থানান্তরিত হবে উপজেলা যুবউন্নয়ন অফিসটি উপজেলা পরিষদের নির্বাচন অফিসের পিছনে পুরাতন টিনসেড ভবণে স্থানান্তরিত হবে। উপজেলা হিসাবরক্ষন অফিসটি পুরাতন ভূমি অফিসের ০২ টি রুমে স্থানান্তরিত হবে এবং উপজেলা মহিলা বিষয়ক ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস টি আমার সরকারী বাসভবণের উপরতলা ও নিচতলায় স্থানান্তর করতে হবে । উপরোক্ত স্থানান্তরিত অফিস গুলির মধ্যে উপজেলা প্রকৌশলীর অফিস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অফিস এবং উপজেলা পরিষদের নির্বাচন অফিসের পিছনে পুরাতন টিনসেড ভবণ টি দীর্ঘ দিন মেরামত না করায় জরাজীর্ণ অবস্থায় আছে এবং তা আশু মেরামতের প্রয়োজন। উপরোক্ত ০৩ টি ভবণের মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে মৌখিকভাবে পূর্বেই প্রাক্কলন প্রস্তুত করার জন্য নির্দেশে দেয়া হয়েছিল। উপজেলা প্রকৌশলী সে মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করেছেন। যার প্রাক্কলিত মূল্য ধরা হয়েছে ৯,১৯,৫৮০/=(নয় লক্ষ উনিশ হাজার পাঁচশত আশি) টাকা। উপজেলা প্রকৌশলী আরও জানান আটরা গিলাতলা ইউনিয়নে মাত্তমডাঙ্গা রেল লাইন পার হয়ে বটতলা পর্যন্ত ১০০ মিটার মাটির রাস্তা বিদ্যমান যা ডাব্লিউবিএম করা একান্ত প্রয়োজন, কারন তার দুই পাশের রাস্তা ডাব্লিউবিএম করা রয়েছে, ফলে মাঝখানের ১০০ মিটার রাস্তা কাচা থাকায় বর্ষা মৌসুমে কর্দমাক্ত এবং পানি জমাট বেধে থাকায় চলাচলে অনুপোযোগি হয়ে এলাকার মানুষকে দুর্ভোগ পোহাতে হয়। উক্ত কাজটির প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে যার প্রাক্কলিত মূল্য ৪,০০,০০০/= (চার লক্ষ) টাকা। উপজেলা প্রকৌশলী প্রাক্কলন ০২ (দুই) টি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান উক্ত ভবণ গুলি এবং রাস্তাটি দ্রুততার সাথে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে আরএফকিউ এর মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। উপজেলা পরিষদ চেয়ারম্যান এর প্রস্তাবের সাথে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। | প্রকৌশলীর অফিস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অফিস এবং উপজেলা পরিষদের নির্বাচন অফিসের পিছনে পুরাতন টিনসেড ভবণটি মেরামত বাবদ দাখিলকৃত ৯,১৯,৫৮০/= টাকার প্রাক্কলনটি ও আটরা গিলাতলা ইউনিয়নে মাত্তমডাঙ্গা রেল লাইন পার হয়ে বটতলা পর্যন্ত ১০০ মিটার মাটির রাস্তাটি ডাব্লিউবিএম দ্বারা উন্নয়নের জন্য দাখিলকৃত ৪,০০,০০০/= টাকার প্রাক্কলনটি সভায় অনুমোদন করা হয় এবং তা দ্রুততার সাথে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| নং | প্রকল্পের নাম | খাত | বাস্তবায়নের ধরন | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কমপ্লেক্সভবণ নতুনভাবে নির্মাণের উদ্দেশ্যে বিদ্যমান অফিসসমূহ স্থানান্তরের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে পুরাতন মুক্তিযোদ্ধা টিনসেড ভবণের মেরামত, উপজেলা প্রকৌশলীর কার্যালয় মেরামত এবং উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তার কার্যালয় মেরামত ও রংকরন। | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ৯,১৯,৫৮০/= |
| ০২ | মাত্তমডাঙ্গা রেল লাইন হতে বটতলা পর্যন্ত রাস্তা ডাব্লিউবিএম খোয়া দ্বারা উন্নয়ন। | উন্নয়ন তহবিল | আরএফকিউ | ৪,০০,০০০/= |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | আমার বাড়ি আমার খামার প্রকল্পের মোট সমিতির সংখ্যা ৯৮ টি, মোট সদস্য সংখ্যা ৪১১৯ জন। বছরে মোট সঞ্চয় আদায় ৫.৫৫ লক্ষ টাকা। ফেব্রুয়ারী ২০২৩ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৪০.১০ লক্ষ টাকা। বছরে মোট ঋণ বিতরণ ৯০৯.৪৭ লক্ষ টাকা ফেব্রুয়ারী ২০২৩ মাসে মোট ঋণ আদায় ৪১.৫২ লক্ষ টাকা। বছরে মোট ঋণ আদায় ৩৭০.৮৯ লক্ষ টাকা। তিনি জানান আমাদের কিছু মামলা আছে সেগুলি দ্রুতি নিস্পত্তি করলে এবং কিছু ক্রাস প্রোগ্রাম করলে আমাদের আদায় আরও বেগবান হবে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার |
| ২০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | চলতি অর্থ বছরে ফেব্রুয়ারী ২০২৩ মাসে আমন চাল ক্রয় করা হয়েছে ১৭,৫০০ মেঃটন এবং বরো চাল ৩৮,০০০ মেঃটনঃ। আমন ধান ক্রয় করা হয়ে ৩,০০০ মেঃটন, বরো ধান ক্রয় করা হয়েছে ৫,০০০ মেঃটন । সল্পমূল্যে গরীবদের মাঝে চাল বিতরণ করা হয়েছে ৬১৬.০৫০ মেঃটন। কাবিখা প্রকল্পে ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে চাল বিতরণ করা হয়েছে ৩০০ মেঃটন, জি-আর এর চাল উপজেলা নির্বাহী অফিসার এর মাধ্যমে মসজিদ, মাদ্রাসা ও মন্দিরে বিতরণ করা হয়েছে ১০০ মেঃটন। মহিলা বিষয়কের ভিডব্লিউবি ইউপি চেয়ারম্যানদের মাধ্যমে চাল বিতরণ করেছেন ৪২০০ মেঃটন। উপজেলা খাদ্য কর্মকর্তা জানান লাইসেন্স নবায়ন/নতুন লাইসেন্স প্রদানে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে যাচাই বাছাই কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে ফুলতলা বাজারের বাজার মূল্য মনিটরিং এর তথ্য নিয়মিত প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা তথ্য আপা | ফেব্রুয়ারী ২০২৩ মাসে ডোর টু ডোর সেবা প্রদান করা হয়েছে ৭০০ জন সেবাগ্রহিতাকে। তথ্যকেন্দ্রভিত্তিক সেবা প্রদান করা হয় ২০০ জনকে এবং উঠান বৈঠক ভিত্তিক সেবা প্রদান করা হয় ১০০ জনকে। ফেব্রুয়ারী ২০২৩ মাসে মোট ১০০০ জন গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা |
| ২২ | ইউনিয়ন পরিষদ | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ সকলে জানান তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |

দপ্তরসমূহের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ আকরাম হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলতলা, খুলনা।

স্মারক নং: উপঃপরিঃফুলঃখুলঃ২০২৩-১১(৩০)

তারিখ: ০৯ চৈত্র ১৪২৯ / ২৩ মার্চ ২০২৩

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো):

১। মাননীয় সংসদ সদস্য, ১০৩, খুলনা-৫ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫ পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৬। জেলা প্রশাসক, খুলনা।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৮। চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলতলা, খুলনা।
৯। উপজেলা .............................. কর্মকর্তা, ফুলতলা, খুলনা।
১০। চেয়ারম্যান, আটরা-গিলাতলা/দামোদর/জামিরা/ফুলতলা. ইউপি, ফুলতলা, খুলনা।
১১। অফিস নথি।

২৬/০৩/২৩

উপজেলা নির্বাহী অফিসার
ফুলতলা, খুলনা।